

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.৯১/১

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮

২৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল বাস্তবায়ন মোকাদ্দমা নং-০৬/২০২১ মূল প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা  
নং-১৪০/২০১৬ আপীল ট্রাইব্যুনালের মামলা নং- ৫৮/২০১৭ হতে উদ্ধৃত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালনং-৫৮/২০১৭ মামলা রায় অনুযায়ী আত্মীকরণ  
বিধিমালা-১৯৮১ এর ৮ ধারা মোতাবেক ভূতাপেক্ষিকভাবে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও অধ্যাপক  
পদে পদোন্নতিসহ আর্থিক সুবিধাদি জন্য জনাব মোঃ জসিম উদ্দিনসহ মোট ০৯ (নয়) জন  
প্রশাসনিক ট্রাইব্যুনাল বাস্তবায়ন মোকাদ্দমা নং-০৬/২০২১ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও  
উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৪ (চার) (পনেরো)  
জন-কে বিবাদী করা হয়েছে।

প্রশাসনিক ট্রাইব্যুনাল বাস্তবায়ন নং-০৬/২০২১ মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা  
মন্ত্রণালয় ১ নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা  
মন্ত্রণালয়ের পক্ষেমামলা পরিচালনার বিষয়ে উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার  
জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ঢাকা-কে অনুরোধ করা যেতে পারেঃ

(ক) প্রশাসনিক ট্রাইব্যুনাল বাস্তবায়ননং-০৬/২০২১ মামলার এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার  
জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের  
ব্যবস্থা গ্রহণ।

(গ) ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা /প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট  
প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

২৬-৯-২০২১

মোঃ সেলিম সিকদার

সহকারী সচিব

মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

ফোন: ৪১০৫০৯৯৭

ইমেইল: law.section2@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.০৪.০০৪.২১.৯১/১/১(৫)

তারিখ: ১১ আশ্বিন ১৪২৮  
২৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৬-৯-২০২১

মোঃ সেলিম সিকদার  
সহকারী সচিব